# কুরআনের অর্থ বুঝার সহজ অভিধান

বিভাগ/অধ্যায়ঃ ميم (মীম) [৭৫]

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ميم (মীম) - ১

مَا কি?, কী বস্তু?, কোন বস্তু?, কী জিনিস?, যা , যা কিছু, না, নয়, নহে ২:১৭

أَفَمَا তারপরেও কি.. না? তবুও কি.. না ৩৭:৫৮

بِمَا কিসের দ্বারা, কি নিয়ে, তা নিয়ে, এমন কিছু নিয়ে, যা কিছু সহ, তা সম্পর্কে, যা কিছু..সম্পর্কে, তার কারণে ২:৪

فَبِمَ، فَبِمَا অতএব কি বিষয়ে, অতএব যা দ্বারা ১৫:৫৪, ৩:১৫৯

مَاذَا কী? কী বস্তু?, কোন বস্তু?, কী জিনিস ২:২৬

مأي> مِائَةٌ جل مِئُوْنَ، مِئَاتٌ শত, একশত ২:২৫৯

مِائَتَيْنِ দুইশত ৮:৬৫

متع> مَتَّعَ উপভোগ করানো, ভোগ করতে দেওয়া, সম্ভোগ করানো, উপকৃত করা, বিলসদ্রব্য দেওয়া ২:১২৬

تَمَتَّعَ، اسْتَمْتَعَ ভোগ করা, উপভোগ করা, সম্ভোগ করা, উপকৃত হওয়া, উপসেবন করা, উপভোগ করতে চাওয়া, সুখান্বেষণ করা, বিলাসিতায় থাকা, ভোগবিলাসে থাকা, উপকারলাভ করা ২:১৯৬

مَتَاعٌ ج أَمْتِعَةٌ ভোগ্যবস্তু, ভোগ্যপণ্য, বিলাসদ্রব্য, ভোগ্যসামগ্রী, সামগ্রী, দ্রব্যসামগ্রী, আসবাবপত্র, মালপত্র, মালামাল, সুখসম্ভার, সম্পত্তি, পুঞ্জি, পুঁজি ৪:১০২

متن> ص مَتِينٌ সুদৃঢ়, মজবুত, প্রচণ্ড, শক্ত, প্রচণ্ড শক্তি ৭:১৮৩

متي> مَتَى কখন, কোন সময়, কবে ২:২১৪

مثل> تَمَثَّلَ আকৃতি ধারণ করা, আত্মপ্রকাশ করা, প্রকাশিত হওয়া, প্রকাশ হওয়া ১৯:১৭

مِثْلٌ، مَثَلٌ ج أَمْثَالٌ মতো, ন্যায়, সদৃশ, অনুরূপ, উপমা, উদাহরণ, দৃষ্টান্ত, নজির, সমকক্ষ, সমান, সমতুল্য, তুল্য, তুলনা, প্রবাদ, প্রবচন, দৃষ্টান্ততুল্য অবস্থা, গুণাগুণ, বর্ণনা, কাহিনী ২:১৭

أَمْثَلُ مث مُثْلَى তুলনাহীন, দৃষ্টান্ততূল্য, শ্রেষ্ঠ ব্যক্তি, বেনজির ব্যক্তিত্ব, অনুপম, আদর্শবান, অপ্রতিম, অতুলনীয়, প্রসিদ্ধজন ২০:৬৩

مَثُلَاتٌ দৃষ্টান্তমূলক শাস্তি, শাস্তির দৃষ্টান্ত ১৩:৬

تَمَاثِيلُ সমরূপ সৃষ্টি, প্রতিমূর্তি, আকৃতি, পুতুল, ছবি ২১:৫২

مجد< مَجِيدٌ ص প্রভাবশালী, মহান, মহিয়ান, সম্মানিত, মর্যাদাবান, মহিমান্বিত, গৌরবান্বিত, গৌরবময় ৫০:১‘

مجس< مَجُوسٌ و مَجُوْسِيٌّ মাজুসি, অগ্নীধ, অগ্নিপূজক, অগ্নি উপাসক, যাজ্ঞিক, হোমকর্তা, সাগ্নিক ২২:১৭

محص< مَحَّصَ বিশুদ্ধ করা, খাটি করা, নির্ভেজাল বানানো, পরিশোধন করা, পূত করা, পবিত্র করা ৩:১৪১

محق< [ف] مَحَقَ নিঃশেষ করা, ধ্বংস করা, নিশ্চিহ্ন করা, মুছে ফেলা, বিলোপ সাধন করা, নিপাত করা, বরকতহীন করা ২:২৭৬

محل< مِحَالٌ কৌশল, কঠোর শাস্তি, প্রচণ্ড শক্তি ১৩:১৩

محن< اِمْتَحَنَ পরীক্ষা করা, যাচাই করা, পরখ করা, আজমাইশ করা, যাচপর্তাল করে শোধন করা ৪৯:১৩

محو< [ن] مَحَا মুছে ফেলা, বিলীন করা, মুছে দেওয়া, নিশ্চিহ্ন করা, বিনাশ করা, নাম নিশানা মুছে ফেলা, চিহ্ন না রাখা ১৭:১২

مخر< مَوَاخِرُ و مَاخِرٌ চলমান নৌযান, কলমুখরিত জাহাজ ১৬:১৪

مخض< مَخَاضٌ مص প্রসব বেদনা, প্রসবযন্ত্রণা, ব্যথা ওঠা, লেবারপেইন ১৯:২৩

مدد< مَدَّ [ن]، مَدًّا টানা, লম্বা করা, দীর্ঘ করা, বিস্তৃত করা, বিস্তার করা, প্রসারিত করা, সম্প্রসারণ করা, বিছানো, সময় বাড়ানো ১৯:৭৫

أَمَدَّ সাহায্য করা, মদদ করা, বরাদ্ধ দেওয়া, সহায়তা করা, অঢেল দেওয়া, বাড়িয়ে দেওয়া, শক্তিবৃদ্ধি করা, শক্তিশালী করা, সহায়ক বানানো ৩:১২৪

مَدَدٌ সাহায্য, সহায়তা, অনেক সাহায্য, সহায়ক, সাহায্যার্থে, আধিক্য, অনেক ১৮:১০৯

مِدَادٌ جل مُدُدٌ লেখার সহায়ক, কালি, দোয়াতের কালি ১৮:১০৯

مُمِدٌّ সাহায্যকারী, মদদগার, সাহায্যদাতা ৮:৯

مَمْدُودٌ، مُمَدَّدَةٌ দীর্ঘ, প্রলম্বিত, বিস্তৃত, প্রসারিত, দীর্ঘকায়, লম্বা, বিপুল, প্রচুর ৫৬:৩০

مُدَّةٌ جل مُدَدٌ সময়, নির্ধারিত সময়, মেয়াদ, সময়সীমা, স্থিতিকাল ৯:৪

مدن< مَدِيْنَةٌ ج مَدَائِنُ মদীনা, শহর, নগর, নগরী, পুরী ৯:১০১

مَدْيَنُ মাদইয়ান: হজরত শুয়াইব আলাইহিস সালামের শহর ৭:৮৫

مرأ< مَرِيئًا তৃপ্তিদায়ক, প্রীতিপ্রদ, প্রীতিকর, মজাকর, সতৃপ্ত হয়ে, তৃপ্তিতে, তৃপ্তিভোরে ৪:৪

مَرْءٌ، اِمْرَءٌ প্রাপ্তবয়স্ক মানুষ, ব্যক্তি, সুদর্শন পুরুষ, সুঠাম পুরুষ, আকর্ষণীয় পুরুষ, স্বামী ২:১০২

اِمْرَأَةٌ، مَرْأَةٌ প্রাপ্তবয়স্কা নারী, রমণী, মহিলা, স্ত্রীলোক, সুদর্শনা, মনোরমা, সুন্দরী, রূপসী ৪:১২

مرت< مَارُوتُ মারুত: ব্যাবিলনের ফেরেশতা ২:১০২

مرج< [ن] مَرَجَ প্রবাহিত করা, ছেড়ে রাখা, মিলিত করা, মিশ্রিত করা, সংযুক্ত করা ২৫:৫৩

مَارِجٌ রংবেরঙের লেলিহান অগ্নিশিখা, রঙিন স্ফুলিঙ্গ, কৃষ্ণস্ফুলিঙ্গ, ধূমবিহীন আগুন ৫৫:১৫

مَرِيجٌ ص মিশ্রিত, নানাবিধ, বহুধা, রকমারি, ভ্রান্তি, ভ্রান্ততা, ভ্রষ্টতা, গোমরাহি, গোলমেলে ৫০:৫

الْمَرْجَانُ প্রবাল, মুক্তা, মুক্তো, বিচিত্রময় মুক্তা ৫৫:১৫

مرح< مَرَحٌ ،[ف] مَرَحَ বড়াই করা, উল্লাস করা, উৎফুল্ল হওয়া, উল্লাসিত হওয়া, আস্ফালন করা, স্পর্ধা করা, আত্মাভিমান করা ৪০:৭৫

مرد< [ن] مَرَدَ বড়াই করা, বেড়ে যাওয়া, গর্ব করা, অবাধ্য হওয়া, অমান্য করা, নিষেধ না মানা, বিদ্রোহ করা, মাথা উঁচু করে চলা, আস্পর্ধা দেখানো, ঔদ্ধত্য প্রদর্শন করা, বাড়াবাড়ি করা ৯:১০১

Source — https://www.hadithbd.com/books/link/?id=10271

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন